



হাদি হত্যার ঘাতক দেশে নাকি বিদেশে নিশ্চিত তথ্য নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

হাদির হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত মূল অভিযুক্ত বর্তমানে দেশে আছে নাকি বিদেশে অবস্থান করছে এ বিষয়ে নিশ্চিত কোনো তথ্য নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, ঘাতকের অবস্থান জানা থাকলে তাকে ইতোমধ্যেই গ্রেপ্তার করা সম্ভব হতো।

সোমবার (২২ ডিসেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, হাদি হত্যার তদন্তে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। মূল পরিকল্পনাকারী ফয়সালকে ধরতে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে। এ ঘটনায় ফয়সালের বাবা-মা, স্ত্রী, শ্যালক এবং মোটরসাইকেল চালকসহ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। পাশাপাশি সীমান্ত এলাকা থেকে সংশ্লিষ্ট দালাল চক্রের সদস্যদেরও আটক করা হয়েছে।

তিনি আরও জানান, 'ডেভিল হান্ট ফেজ টু' অভিযানে এখন পর্যন্ত ৬ হাজার ৯৯৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এই অভিযানের আওতায় সন্ত্রাসী ও দুষ্কৃতকারীদের বিরুদ্ধে আরও জোরালো ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, নিরাপত্তাজনিত ঝুঁকির বিষয় বিবেচনায় প্রথম আলো ও ডেইলি স্টার-এর সম্পাদকদের জন্য গানম্যান নিয়োজিত করা হয়েছে এবং তাদের বাসায় বাড়তি নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। যাদের সম্ভাব্য হুমকি রয়েছে, তাদের মধ্যেও প্রায় ২০ জনকে গানম্যান দেওয়া হয়েছে।

তিনি জানান, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরলে তাকেও প্রয়োজনীয় নিরাপত্তা দেওয়া হবে।

পদত্যাগের গুজব প্রসঙ্গে প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, পদত্যাগ করলে তিনি সচিবালয়ে দায়িত্ব পালন করতেন না গুজবের কোনো ভিত্তি নেই।